ঢাকা ওয়াসা

বিষয়ঃ উচ্চতর সিলেকশন বোর্ড সভা সংক্রান্ত।

১৪। নির্দেশক্রমে নথি উপস্থাপন করা হলো।

১৫। ঢাকা ওয়াসার **১ম** ও **২য়** শ্রেণীর বিভিন্ন পদে পদোন্নতি'র লক্ষ্যে উচ্চতর সিলেকশন কমিটি'র একটি সভা আগামী ২৫/০৩/২০২৫ তারিখ মঙ্গলবার বেলা ২.০০ ঘটিকায় ব্যবস্থাপনা পরিচালক-এর কক্ষে (৩য় তলা, ওয়াসা ভবন) অনুষ্ঠিত হবে। এক্ষেত্রে উচ্চতর সিলেকশন বোর্ডের সদস্য ও সহায়কগণের সম্মানী ভাতা প্রদানের প্রয়োজন হবে। উচ্চতর সিলেকশন বোর্ডের আহ্বায়ক, সদস্য ও সদস্য-সচিব এর জন্য সম্মানী ভাতা বাবদ {৫,০০০ x ৯)} = ৪৫,০০০/- টাকা, ০১ জন কর্মকর্তা'র ২,৫০০/- টাকা, ০১ জন সহায়ক কর্মকর্তার ২,০০০/- টাকা, ০১ জন অফিস সুপারিনটেনডেন্ট ১,৫০০/- টাকা এবং ০৪ জন কর্মচারীর সম্মানী বাবদ (১০০০ x ৪) = ৪,০০০/- টাকাসহ সর্বমোট (৪৫,০০০ + ২,৫০০+ ২,০০০ + ১,৫০০ + ৪,০০০) = ৫৫,০০০/- টাকা নির্ধারণ করা যেতে পারে। এছাড়া ষ্টেশনারী মালামাল ক্রয় বাবদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা নির্ধারণ করা যেতে পারে।

১৬। অনুচ্ছেদ-১৫ এর বর্ণনামতে উচ্চতর সিলেকশন বোর্ড সভায় সর্বমোট **৫৬,৫০০/- (পঞ্চান্ন হাজার পাঁচশত)** টাকা প্রয়োজন হবে যা উপ-সচিব, প্রশাসন বিভাগ-১ এর অনুকূলে **অস্থায়ী অগ্রিম** হিসেবে প্রদান করা যেতে পারে। প্রস্তাব অনুমোদিত হলেঃ

ক. সভায় উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে উচ্চতর সিলেকশন কমিটির সদস্যগণকে নোটিশ প্রদান করা যায়।

খ. ইফতারির ব্যবস্থা করার জন্য উপ সচিব, কমন সার্ভিস বিভাগ কে বলা যেতে পারে।

গ. উচ্চতর সিলেকশন কমিটির সম্মানিত সদস্য, সহায়ক কর্মকর্তা ও কর্মচারীদের সম্মানী ও ষ্টেশনারী খরচ বাবদ সর্বমোট **৫৬,৫০০/- (ছাপ্পান্ন হাজার পাঁচশত)** টাকা প্রদানের বিষয়ে হিসাব বিভাগে পত্র প্রেরণ করা যায়।

১৭। উপরোক্ত নোট অনুঃ ১৬ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

সাজেদা পারভীন
অফিস সুপারিনটেনডেন্ট
প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা।

মোঃ মাহাবুবুল হক
সহকারী সচিব, প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

মোঃ আলমগীর হোসেন
উপসচিব
প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।